S-2802

I-3414/09.

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000

पाँच हजार रुपये

Rs.5000

FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

331395

পশ্চিমবঙ্গ পশ্চিম বংগাল WEST BENGAL

Certified that the Endorsement sheet / sheets and Signature sheet / sheets attached to this Document are part of the document.

Addl. Dist. Sub-Registrar
Bolpur, Birbhum

11 MAY 2009

কোবালা, মূল্য- ১১,৪২,৯৩২ টাকা, থানা- বোলপুর, মৌজা- বোলপুর, জে. এল. নম্বর- ৯৯, আর. এস. খতিয়ান নম্বর- ৪৩০৬, এল. আর. খতিয়ান নম্বর- ১৩৯২৫, আর. এস. দাগ নম্বর- ৫৬৫/২৬১০, এল. আর. দাগ নম্বর- ১২০২, শ্রেণী- বাড়ি, বিক্রিত পরিমান- ০৭ শতক ভূমি মায় তদস্থিত আনুমানিক পঁয়তাল্লিশ বৎসরের পুরাতন একখানি ১১৮৬ বর্গফুট পরিমিত পাকা বাড়ি মাত্র । যাহা বোলপুর পৌরসভার অধীন ০৬ নম্বর ওয়ার্ডের ৪/২৪৭ নম্বর হোল্ডিং-এ অবস্থিত হইতেছে ।

**দলিল গ্রহীতা বা ক্রেতা-**

**শ্রীমতী জয়ন্তী চৌধূরী**, স্বামী- শ্রী জ্যোতি প্রকাশ চৌধূরী,
জাতি- ভারতীয়, ধর্ম্ম- হিন্দু, পেশা- গৃহকর্ম্ম,
সাকিম- ইন্দিরাপল্লী, ডাকঘর- সিউড়ী, মহকুমা, থানা
ও এ. ডি. এস. আর. অফিস- সিউড়ী, জেলা- বীরভূম ।

পৃ---------২

১১৪৫১ তাং ৫/৫/2007

নাম শ্রী জয়ন্তী মৈত্র

সাং ইন্দিরাপল্লী পোঃ শিউড়ী

জেলা বীরভূম

৫০০০/-

বাবদ কোবালার মূল্য

ভেণ্ডার শ্রীমথুরা বিহারী দ

এ. ডি. এস. আর. অফিস

বোলপুর, বীরভূম

Office of the Addl. Dist. Sub-Registrar, Bolpur

Addl. Dist. Sub-Registrar
Bolpur, Birbhum

দলিল দাতা বা বিক্রেতা-

**শ্রীমতী রানু ব্যানাৰ্জ্জী,** স্বামী- শ্রী সুনীল ব্যানাৰ্জ্জী, জাতি- ভারতীয়, ধৰ্ম্ম- হিন্দু, পেশা- গৃহকৰ্ম্ম, সাকিম- ৩৬/৪, শিবাজী রোড, বাঘাযতীন, থানা- যাদবপুর, হাল সাকিম- বোলপুর মধ্যে স্কুলবাগান, ডাকঘর- বোলপুর, মহকুমা, থানা ও এ. ডি. এস. আর. অফিস- বোলপুর, জেলা- বীরভূম ।

**কস্য সাফ বিক্রয় খোসকোবালা পত্র মিদং কাৰ্য্যাঞ্চাগে**

জেলা- বীরভূম, মহকুমা, থানা ও এ. ডি. এস. আর. অফিস- বোলপুর অন্তর্গত ৯৯ নম্বর বোলপুর মৌজার সীমানাস্থিত নীচের তপশীলে বিশদভাবে বর্নিত ভূমি পূর্বে ভূপেন্দ্র মোহন বসু মহাশয় বোলপুর সাবরেজিষ্ট্রি অফিসে বিগত সন ইংরাজী ১৪-০৬-১৯৫১ তারিখে রেজিষ্ট্রিকৃত ১৯৫১ সালের ৩৭৭৩ নম্বর কোবালা দলিলমূলে খরিদ করিয়া তাহাতে তিনি মালিক ও দখলীকার থাকাকালীন তাঁহার নিকট হইতে সন্তোষকুমার সরকারের পত্নী শ্রীমতী প্রতিভা দেবী বোলপুর সাবরেজিষ্ট্রি অফিসে ১৪-১০-১৯৫৭ তারিখে রেজিষ্ট্রিকৃত বিগত সন ইংরাজী ১৯৫৭ সালের ১ নম্বর বহির ৭৪ নম্বর ভল্যুমের ২০৩ হইতে ২০৫ পৃষ্ঠায় লিখিত ৭৩৯৭ নম্বর কোবালা দলিলমূলে খরিদ করিয়া নিজ নাম আর. এস. রেকর্ডে লিপিবদ্ধ করাইয়া ও নিজ নামে বোলপুর পৌরসভায় হোল্ডিং পত্তনাদি করাইয়া উক্ত ভূমিতে একখানি পাকা বাড়ি নির্মান করিয়া বসবাস করিতে থাকাকালীন বিগত সন ইংরাজী ২৭-০৭-১৯৭৯ তারিখে তাঁহার পুত্র শ্রী অভীক কুমার সরকার মহাশয়ের অনুকূলে একখানি রেজিষ্ট্রিকৃত উইলপত্র মাধ্যমে উইল করিয়া ১৯-০১-১৯৮৮ তারিখে পরলোকগমন করিলে পর উক্ত অভীক কুমার সরকার মহাশয় ১৯৮৮ সালের ১১ নম্বর মিস প্রবেট কেস মারফৎ ডিষ্ট্রিক্ট ডেলিগেট কোর্টে উক্ত উইলখানির প্রবেটের জন্য আবেদন করিলে বিগত সন ইংরাজী ০৮-০১-১৯৯০ তারিখে তাহা মঞ্জুর হয় এবং উক্ত ভূমি মায় বাড়িতে শ্রী অভীক কুমার সরকার মহাশয় মালিক ও স্বত্ত্ববান হইয়া উহা ভোগদখলাদি করাকালীন তাঁহার নিকট হইতে অত্র দলিলের বিক্রেতা আমি সিউড়ী সদর রেজিষ্ট্রি অফিসে রেজিষ্ট্রিকৃত বিগত সন ইংরাজী ১৯৯৫ সালের ১ নম্বর বহির ৬ নম্বর ভল্যুমের ৩৯ হইতে ৪৪ পৃষ্ঠায় লিখিত ৪৪৮ নম্বর কোবালা দলিলমূলে খরিদ করিয়া নিজ নাম হাল রেকর্ডে লিপিবদ্ধ করাইয়া উক্ত ভূমি মায় বাড়িতে আমি প্রকাশ্যমতে অদ্যাবধি অন্যের বিনা সংশ্রবে দান, বিক্রয়, লীজ, মর্টগেজ, বিনিময়, উইল, বিলি-বন্দোবস্ত ইত্যাদি বিবিধ প্রকার হস্তান্তরের ক্ষমতাযুক্তে মালিক ও ভোগদখলীকার রহিয়াছি । আমার নাম বোলপুর থানার অন্তর্গত বোলপুর মৌজার এল. আর. ১৩৯২৫ নম্বর খতিয়ানে যথাযথভাবে লিপিবদ্ধ হইয়া স্বত্ত্বলিপি প্রচারিত ও প্রকাশিত হইয়াছে ।

প্রকাশ থাকে যে অত্র কোবালা দাতা আমার নানাবিধ বৈধ ও সঙ্গত কারণবশতঃ নিজ অভিপ্রেত মূলক কার্য্যে অর্থ বিনিয়োগের সু-উদ্দেশ্যে নগদ অর্থের বিশেষ প্রয়োজন ও আবশ্যক দেখা দেওয়ায় আমি

পৃ--------৩

নিম্ন তপশীলে বিশদভাবে বর্নিত ভূমি মায় বাড়ি যথোচিত বাজার মূল্য গ্রহনে বিক্রয় করিব সেই মর্ম্মে সোহরৎ দিলে ও ঘোষণা প্রচার করিলে পর আপনি অত্র কোবালা গ্রহীতা আপনার সিউড়ীস্থিত বাড়ি ও জায়গা বিক্রয়লব্ধ অর্থে ও আপনার স্বামীর উপার্জিত গচ্ছিত অর্থে তাহা বর্তমান বাজারদর অনুযায়ী সর্ব্বোচ্চ- ১১,৪২,৯৩২ (এগার লক্ষ বিয়াল্লিশ হাজার নয় শত বত্রিশ) টাকা পণমূল্যে খরিদ করিতে স্বীকৃত, রাজী ও সম্মত হইলে পর আপনার নিকট হইতে পণমূল্যের সমুদয় টাকা প্রাপ্ত হইয়া নিম্ন তপশীলে বিশদভাবে বর্নিত সমুদয় ভূমি মায় বাড়ির খোলসা খাসদখল আপনার অনুকূলে পরিত্যাগ করতঃ তাহা হইতে চিরতরে নিঃস্বত্ববতী এবং দখলীচ্যুতা হইলাম এবং অদ্যকার তারিখ হইতে আপনার বরাবরে ও অনুকূলে উক্ত ভূমি মায় বাড়ির দখল ও স্বত্ব বুঝাইয়া দিলাম ।

অদ্যকার তারিখে আপনার নিকট হইতে পণমূল্যের লিখিত সমুদয় টাকা প্রাপ্ত হইয়া বিক্রিত ভূমি মায় বাড়ি সম্বন্ধে অত্র সাফ কোবালাখানি আপনার নাম বরাবরে লিখিয়া দিয়া আমি এই মর্ম্মে স্বীকার, অঙ্গীকার, প্রকাশ, প্রচার ও ঘোষণা করিতেছি যে আপনি অদ্য হইতে অত্র সাফ বিক্রয় কোবালা বলে আপনার খরিদা নিম্ন তপশীলে বিশদভাবে বর্নিত সমগ্র ভূমি মায় বাড়িতে আমার যাবতীয় স্বত্বে-স্বত্ববান, ভোগে-ভোগবান, হকে-হকদার এবং দখলে-দখলীকার থাকিয়া হাল মালেক পশ্চিমবঙ্গ সরকার বাহাদুরের সেরেস্তায় ও স্থানীয় পৌর কতৃপক্ষ বরাবরে, অনুকূলে বা কার্য্যালয়ে আমার নাম খারিজ করিয়া আপনার নিজ নাম পত্তন পূর্ব্বক সন সন ধার্য্য খাজনা ও করাদি আদায় দানে, দাখিলা ও রসিদাদি গ্রহন করতঃ আপনার খরিদা ভূমি মায় বাড়ি যদৃচ্ছা দান, বিক্রয়, লীজ, মর্টগেজ, বিনিময়, রুপান্তর, উইল, বিলি-বন্দোবস্ত ইত্যাদি সকল প্রকার কার্য্যাদি করণের পূর্ণ ক্ষমতাযুক্তে ওয়ারিশ-উত্তরাধিকার মায় স্থলাভিষিক্তগণক্রমে পরমসুখে শান্তিপুর্ণভাবে ভোগদখল করিতে থাকুন ।

এযাবতকাল নিম্ন তপশীলে বিশদভাবে বর্নিত ভূমি মায় বাড়িতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, লভ্য, হক-হকিয়ত, সংশ্রব বা অধিকারাদি ছিল বা আছে তৎসমুদয় আমার নিকট হইতে চিরতরে লুপ্ত, ধ্বংস, কোপ ও রহিত হইয়া আপনার মায় আপনার ওয়ারিশ উত্তরাধিকার ও স্থলাভিষিক্তগণের অনুকূলে ও বরাবরে বর্তাইল । কস্মিনকালে অত্র বিক্রিত নিম্ন তপশীলে বিশদভাবে বর্নিত ভূমি মায় বাড়িতে আমি কি আমার ওয়ারিশ উত্তরাধিকার ও স্থলাভিষিক্তগণের মধ্যে কেহ যদি কখনও কোনপ্রকার স্বত্বদখলের দাবী দাওয়া ও ওজর-আপত্তি করি কিম্বা করেন তাহা হইলে অত্র সাফ বিক্রয় কোবালা বলে উক্ত দাবী-দাওয়া ও ওজর-আপত্তি সর্বস্থলে, সর্বাদালতে, সর্বদা, সর্বোতভাবে বাতিল ও নামঞ্জুর বলিয়া সর্বত্র গণ্য হইবে ।

ইতিমধ্যে নিম্ন তপশীলে বিশদভাবে বর্নিত বিক্রিত জমি মায় বাড়ি বা তাহার কোন অংশ আমি

পৃ---------৪

Ranu Banerjee



অপর কাহাকেও দান, বিক্রয়াদি দ্বারা বা অন্য কোন প্রকারে হস্তান্তর করি নাই । উক্ত জমি মায় বাড়িতে একমাত্র আমি ভিন্ন আমার কোন শরিক নাই । উক্ত ভূমি মায় বাড়ি কখনও কোন সরকারী বা বেসরকারী সংস্থায় ঋণের দায়ে দায়বদ্ধ রাখি নাই, কখনও কোন সরকারী বা বেসরকারী সংস্থা কতৃক কোন এ্যাকুইজিশান বা রিক্যুইজিশান হয় নাই, উহা কোন মামলা মোকর্দ্দমার বিষয়ভূত ভূমি মায় বাড়ি নহে, এমনকী উক্ত ভূমি অপর কাহকেও বিক্রয় করিবার নিমিত্ত কোনপ্রকার লিখিত বা মৌখিক চুক্তিতে আবদ্ধ হইয়া বায়নাবাবদ অগ্রিম টাকা গ্রহন করি নাই, কিম্বা বর্তমান ভূমি সংস্কার আইনের বিধানমতে সিলিং বহির্ভূত আমার কোন ভূমি বা জমি নাই বা উক্ত ভূমি সরকারের ভেষ্টেড ভূমি নহে বা উক্ত ভূমিতে কোনরকম বর্গা রেকর্ড নাই । নির্দ্দায়, নির্দ্দোষ ও মুক্ত অবস্থায় নিম্ন তপশীলে বিশদভাবে বর্নিত ও পরিচিত জমি ষোলোআনা রকমে খাসদখলে থাকাকালীন নিম্ন তপশীলে উল্লেখিত ভূমি মায় বাড়ি আপনার নাম বরাবরে ও অনুকুলে বিক্রয় করিয়া তাহার খোলসা খাসদখল অদ্যকার তারিখ হইতে আপনার নাম বরাবরে ও অনুকুলে পরিত্যাগ করিয়া দিয়া তাহা হইতে আমি চিরতরে নিঃস্বত্ববতী ও দখলীচ্যুতা হইলাম ।

আপনি আমার নিকট হইতে অত্র নিম্ন তপশীলে বিশদভাবে বর্নিত জমি মায় বাড়ি খরিদ করিলেও যদ্যপি ভবিষ্যতে অত্র কোবালাভূক্ত নিম্ন তপশীলে বিশদভাবে বর্নিত জমি মায় বাড়ি বা তাহার কোন অংশ সম্বন্ধে আমার দ্বারা কোনপ্রকার তঞ্চকতা থাকা প্রকাশ পায় বা আপনার খরিদা জমির স্বত্বদখলে কোনরূপ বাধাবিঘ্ন ঘটে, আমি সর্ববিদ আইন আমলে আসিয়া আপনার যাবতীয় ক্ষতি খরচাদি সহ আপনার নিকট হইতে গৃহীত পণমূল্যের সমুদয় টাকা আপনার মায় আপনার ওয়ারিশ-উত্তরাধিকার মায় স্থলাভিষিক্তগণের অনুকুলে ও বরাবরে এককালীন ফেরৎ দিতে ও যাবতীয় অন্যান্য ক্ষতিপূরন করিতে আমি মায় আমার ওয়ারিশ উত্তরাধিকার মায় স্থলাভিষিক্তগণক্রমে বাধ্য রহিলাম ও থাকিবেক ।

এমনকি নিম্ন তপশীলে বিশদভাবে বর্নিত অত্র বিক্রিত ভূমি মায় বাড়িতে আপনার স্বত্ব-দখল সুদৃঢ় করিবার স্বার্থে আমাকে কখনও কোন অফিস কাছারী বা আদালতে হাজির হইয়া কোনরূপ সাক্ষ্য জবানবন্দী ও হলফানে এজাহার দেওয়া আবশ্যক হইলে সে ক্ষেত্রে আপনার তলবমতে ও খরচায় আমি বিনা ওজর আপত্তিতে উক্ত প্রকার কার্য্যাবলী সমাধা করিয়া দিতে আমি মায় আমার ওয়ারিশ উত্তরাধিকার মায় স্থলাভিষিক্তগণক্রমে বাধ্য রহিলাম ও থাকিবেক ।

নিম্ন তপশীলে বিশদভাবে লিখিত ভূমি মায় বাড়ির অবস্হান সহজে বোধগম্য হইবার নিমিত্ত অত্র সাফ বিক্রয় কোবালা দলিলসহ একখন্ড নকসা সংযোজিত করা হইল । উক্ত নকসায় আপনাকে বিক্রিত বাড়ি মায় ভূমিখন্ডটি লাল রঙ দ্বারা চিহ্নিত করিয়া দেখানো হইয়াছে । উক্ত নকসাখানি অত্র বিক্রয় খোসকোবালা দলিলের একাংশ বলিয়া গন্য হইবে ।

পৃ---------৫

Ranu Banerjee



প্রকাশ থাকে যে অত্র দলিলে বা দলিল সংলগ্ন নকসাখানিতে যদ্যপি ভবিষ্যতে কোনরূপ ভুলভ্রান্তি থাকা প্রকাশ পায় তাহা আমাকে জানাইবামাত্র আপনার তলবমতে ও খরচায় আমি বিনা ওজর-আপত্তিতে সংশোধনী দলিল ও নক্সাখানি রেজিষ্ট্রী করিয়া দিতে আমি মায় আমার ওয়ারিশ উত্তরাধিকার মায় স্থলাভিষিক্তগণক্রমে বাধ্য রহিলাম ও থাকিবেক ।

প্রকাশ থাকে যে অত্র কোবালার সহিত আপনার ও আমার স্বাক্ষর সমন্বিত পাশপোর্ট ছবি সহ উভয় হস্তের দশ আঙ্গুলের টিপছাপ সম্বলিত পৃষ্ঠা সংযোজিত করা হইল । উক্ত পৃষ্ঠা অত্র সাফ বিক্রয় খোসকোবালা দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে ।

তপশীল বর্ণিত ভূমির এই বিক্রয় দলিল সাফ কোবালা দলিল হইতেছে । ইহা কোন প্রকার মর্টগেজ কোবালা দলিল নহে, ভবিষ্যতে উহা মর্টগেজ কোবালা দলিল বলিয়া আমি আইনের আশ্রয় গ্রহন করিয়া ফেরতের জন্য কোনরূপ দাবীদাওয়া করিতে পারিব না ।

এতদর্থে স্বেচ্ছায়, স্বজ্ঞানে, সুস্থ শরীরে, সরল অন্তঃকরণে, অন্যের বিনা অনুরোধে, বিনা প্ররোচনায়, প্রফুল্ল চিত্তে অত্র দলিলের মর্ম, ধর্ম, ফলাফল ও পরিণতি সম্যক সম্বন্ধে পূর্ণ অবগত হইয়া অদ্যকার তারিখে নিম্ন স্বাক্ষরকারী ইসাদীগণের সম্মুখে নিম্ন তপশীলে বিশদভাবে লিখিত জমি মায় বাড়ির বিক্রয় মূল্য বাবদ সমুদয় অর্থ বুঝিয়া পাইয়া তাঁহাদের উপস্থিতিতে অত্র সাফ বিক্রয় কোবালায় নিজ নাম সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি সন- ১৪১৬ (এক হাজার চার শত ষোল) সালের ২৭ (সাতাশ) শে বৈশাখ, ইংরাজী- ১১/০৫/২০০৯ (এগার/পাঁচ/দুই হাজার নয়) খ্রীষ্টাব্দ, সোমবার ।

## তপশীল বা বিক্রিত জমি মায় বাড়ির পরিচয়

জেলা- বীরভূম, মহকুমা, থানা ও এ. ডি. এস. আর. অফিস- বোলপুর, মৌজা- বোলপুর, জে. এল. নম্বর- ৯৯, আর. এস. খতিয়ান নম্বর- ৪৩০৬ (চার হাজার তিন শত ছয়) হইতে আগত এল. আর. খতিয়ান নম্বর- ১৩৯২৫ (তের হাজার নয় শত পঁচিশ) ভুক্ত- আর. এস. দাগ নম্বর- ৫৬৫/২৬১০ (পাঁচ শত পঁয়ষট্টি/দুই হাজার ছয় শত দশ), এল. আর. দাগ নম্বর- ১২০২ (এক হাজার দুই শত দুই), শ্রেণী- বাড়ি, নকসায় লাল রং দ্বারা চিহ্নিত অংশে বিক্রিত পরিমান- ০৭ (সাত) শতক ভূমি মায় তদস্থিত আনুমানিক পঁয়তাল্লিশ বৎসরের পুরাতন একখানি ১১৮৬ (এক হাজার এক শত ছিয়াশি) বর্গফুট পরিমিত পাকা বাড়ি মাত্র । যাহা বোলপুর পৌরসভা এলাকার ০৬ নম্বর ওয়ার্ডের ৪/২৪৭ নম্বর হোল্ডিং-এ অবস্থিত হইতেছে ।

পৃ--------৬

Ranu Banerjee



বিক্রিত ভূমির বাহুর পরিমাপ-

উত্তরবাহু পূর্বপশ্চিমে - ৪৯' - ০০" ফুট । দক্ষিণবাহু পূর্বপশ্চিমে - ৪৯' - ০০" ফুট ।

পূর্ববাহু উত্তরদক্ষিণে - ৫৮' - ০০" ফুট । পশ্চিমবাহু উত্তরদক্ষিণে - ৫৮' - ০৬" ফুট ।

বিক্রিত ভূমির চৌহর্দ্দি-

লাগাও উত্তরে- পৌরসভার রাস্তা । লাগাও দক্ষিণে- সুশীল বিশ্বাসের বাড়ি ।

লাগাও পূর্বে- পৌরসভার রাস্তা । লাগাও পশ্চিমে- শীল ব্রাদার্সের বাড়ি ।

ইতিমধ্যে নকসায় লাল রঙ দ্বারা চিহ্নিত অংশে একবন্দ বিক্রিত পরিমান- ০৭ (সাত) শতক ভূমি মায় তদস্থিত আনুমানিক পঁয়তাল্লিশ বৎসরের পুরাতন একখানি ১১৮৬ (এক হাজার এক শত ছিয়াশি) বর্গফুট পরিমিত পাকা বাড়ি ।

হারহারী খাজনা বর্তমান- ১ টাকা, স্বত্ব- রায়ত স্হিতিবান ।

জমিদার- পশ্চিমবঙ্গ সরকার পক্ষে বীরভূম জেলা সমাহর্ত্তা ।

মোকাম ও ডাকঘর- সিউড়ী, জেলা- বীরভূম ।

মুসাবিদাকারক-

Rupak Meur.

(শ্রী রূপক মেউর),

এ্যাডভোকেট, বোলপুর কোর্ট,

এণরোলমেন্ট নং- পঃ বঃ ৫০২/৯৭ ।

ইসাদি

সনাক্তদার

1. Sunil Banerjee
S/o Lt K. C. Banerjee
School bagan, Balpur,

2. Agniswar Ghosh.
S/o Uday Sankar Ghosh.
Mission compound.
Bolpur, Birbhum.


3. Jyotiprakash Chowdhury
Indirapally SUR

বর্ণসংস্থাপক-

আব্দুল হাকিম

আব্দুল হাকিম,

লজমোড়, বোলপুর, বীরভূম ।




Ranu Banerjee



**মূলনকসা**

জেলা- বীরভূম, থানা- বোলপুর, মৌজা- বোলপুর, জে. এল. নম্বর- ৯৯, আর. এস. খতিয়ান নম্বর- ৪৩০৬ হইতে আগত এল. আর. খতিয়ান নম্বর- ১৩৯২৫ ভূক্ত- আর. এস. দাগ নম্বর- ৫৬৫/২৬১০, এল. আর. দাগ নম্বর- ১২০২, নকসায় লাল রং দ্বারা চিহ্নিত অংশে বিক্রিত পরিমান- ০৭ শতক ভূমি মায় তদস্থিত আনুমানিক পঁয়তাল্লিশ বৎসরের পুরাতন একখানি ১১৮৬ বর্গফুট পরিমিত পাকা বাড়ি মাত্র ।

ক্রেতা- **শ্রীমতী জয়ন্তী চৌধূরী,** স্বামী- শ্রী জ্যোতি প্রকাশ চৌধূরী,
সাকিম- ইন্দিরাপল্লী, ডাকঘর ও থানা- সিউড়ী, জেলা- বীরভূম ।

বিক্রেতা- **শ্রীমতী রানু ব্যানার্জ্জী,** স্বামী- শ্রী সুনীল ব্যানার্জ্জী,
সাকিম- ৩৬/৪, শিবাজী রোড, বাঘাযতীন, থানা- যাদবপুর,
হাল সাকিম- স্কুলবাগান, ডাকঘর ও থানা- বোলপুর, জেলা- বীরভূম ।

Surveyor — Abdul Hakim
C. No- 1535, G.R.No- S/68206
Santra, Basapara, Birbhum

Ranu Banerjee

গ্রহীতার ছবি



বৃদ্ধাঙ্গুষ্ঠ তর্জনী মধ্যমা অনামিকা কনিষ্ঠা

বাম হস্ত



দক্ষিণ হস্ত



দাতার ছবি



বৃদ্ধাঙ্গুষ্ঠ তর্জনী মধ্যমা অনামিকা কনিষ্ঠা

বাম হস্ত



দক্ষিণ হস্ত



Ranu Banerjee

Government of West Bengal
Department of Finance (Revenue), Directorate of Registration and Stamp Revenue
Office of the A.D.S. R. BOLPUR, District- Birbhum

Signature / LTI Sheet of Serial No. 02802 / 2009, Deed No. (Book - I , 03414/2009)

I. Signature of the Presentant

| Name of the Presentant | Signature with date |
|---|---|
| Smt. Ranu Banerjee | Ranu Banerjee 11.5.09 |

II. Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|---|---|
| 1 | Smt. Ranu Banerjee<br>Address -Bolpur School Bagan<br>P.o.- Bolpur Dist .- Birbhum | Self | <br>11/05/2009 | <br>LTI<br>11/05/2009 | Ranu Banerjee 11.5.09 |

**Name of Identifier of above Person(s)**
Sunil Banerjee
PS-Bolpur,School Bagan P.o.- Bolpur Dist .- Birbhum

**Signature of Identifier with Date**
Sunil Banerji
11/5/09

(Debasis Patra)
**ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**
**Office of the A.D.S. R. BOLPUR**

Government Of West Bengal
Office of the A.D.S. R. BOLPUR
BOLPUR
Endorsement For deed Number :I-03414 of :2009
(Serial No. 02802, 2009)

On 11/05/2009

**Certificate of Admissibility(Rule 43)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A Article number :23 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs. 10.00/-

**Payment of Fees:**

Fee Paid in rupees under article : A(1) = 12562/- on:11/05/2009

**Certificate of Market Value(WB PUVI rules 1999)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs-1142932/-

Certified that the required stamp duty of this document is Rs 68576 /- and the Stamp duty paid as: Impresive Rs- 5000

**Deficit stamp duty**

Deficit stamp duty 1.Rs 40000/- is paid, by the Bankers cheque number 887895, Bankers Cheque Date 09/05/2009 Bank Name STATE BANK OF INDIA, BOLPUR, received on :11/05/2009. 2.Rs 23590/- is paid, by the draft number 887892, Draft Date 09/05/2009 Bank Name STATE BANK OF INDIA, BOLPUR, received on :11/05/2009.

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1))**

Presented for registration at 12.49 hrs on :11/05/2009,at the Office of the A.D.S. R. BOLPUR by Smt. Ranu Banerjee,Executant.

**Admission of Execution(Under Section 58)**

Execution is admitted on 11/05/2009 by

1. Smt. Ranu Banerjee, wife of Sunil Banerjee ,Bolpur School Bagan P.o.- Bolpur Dist .- Birbhum ,Thana Bolpur, By caste Hindu,by Profession :House wife

Identified By Sunil Banerjee, son of Lt. K. C. Banerjee School Bagan P.o.- Bolpur Dist .- Birbhum Thana: Bolpur, by caste Hindu,By Profession :Others.

[Debasis Patra]
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BOLPUR
Govt. of West Bengal

*Certificate of Registration under section 60 and Rule 69.*

**Registered in Book - I**
**CD Volume number 10**
**Page from 6427 to 6447**
**being No 03414 for the year 2009.**

Seal of the Additional District Sub-Registrar, Bolpur, Birbhum.

**(Debasis Patra) 11-May-2009**
**ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**
**Office of the A.D.S. R. BOLPUR**
**West Bengal**